



সেনা কর্মকর্তাদের পদোন্নতিতে রাজনৈতিক উর্ধ্বে থাকার আহ্বান প্রধানমন্ত্রীর



সেনাসদরে প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

সেনা সদস্যদের পদোন্নতির ক্ষেত্রে রাজনৈতিক মতাদর্শ ও ব্যক্তিগত পছন্দ-অপছন্দের প্রভাব থেকে মুক্ত থাকার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (২৬ জুলাই) সকালে সেনা সদর দফতরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ‘সেনাসদর নির্বাচনী পর্যদ-২০২৬’-এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। এ সময় নির্বাচনী পর্যদের সদস্যদের উদ্দেশে তিনি বলেন, কর্মকর্তাদের পদোন্নতির ক্ষেত্রে তাদের পেশাগত দক্ষতা, নেতৃত্বের গুণাবলি, শৃঙ্খলা ও সততাকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। পাশাপাশি রাজনৈতিক মতাদর্শ ও ব্যক্তিগত পছন্দ-অপছন্দের উর্ধ্বে থেকে যোগ্যতার ভিত্তিতে কর্মকর্তাদের মূল্যায়নের নির্দেশনা দেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার পাশাপাশি অভ্যন্তরীণ শান্তি-শৃঙ্খলা ও স্থিতিশীলতা বজায় রাখা এবং বিভিন্ন দুর্যোগ মোকাবিলায় বেসামরিক প্রশাসনকে সহযোগিতা করে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে বাংলাদেশ সেনাবাহিনী। দেশের প্রয়োজনে সেনাবাহিনীর সদস্যদের ত্যাগ ও অবদানের জন্য সেনাপ্রধানসহ বাহিনীর সব সদস্যকে আন্তরিক ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী। উল্লেখ্য, ‘সেনাসদর নির্বাচনী পর্যদ-২০২৬’-এর প্রথম পর্বে বাংলাদেশ সেনাবাহিনীর কর্নেল থেকে ব্রিগেডিয়ার জেনারেল এবং লেফটেন্যান্ট কর্নেল থেকে কর্নেল পদে পদোন্নতির জন্য যোগ্য কর্মকর্তাদের বিবেচনা করা হবে।